দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

0 5 FEB 1990
তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ... ... ১ কলাম ৬ ... ...

০৩

# নারী-পুরুষকে শিক্ষার সমান সুযোগ দিতে হবেঃ ফার্স্ট লেডী

ফার্স্ট লেডী বেগম রওশন এরশাদ বলেন, সরকার নগরীতে কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের পরিকল্পনা নিয়েছে। খবর বাসসর।

ফার্স্ট লেডী শনিবার ঢাকায় ভিকারুন্নেসা নূন গার্লস স্কুলের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন।

বেগম এরশাদ বলেন, শিক্ষা হচ্ছে সভ্যতার মাপকাঠি এবং নারী-পুরুষকে শিক্ষার সম সুযোগ দিতে হবে।

বেগম এরশাদ নারী শিক্ষা ও

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)



ফার্স্ট লেডী বেগম রওশন এরশাদ শনিবার ঢাকায় ভিখারুন্নেসা নূন গার্লস স্কুলের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে কৃতি ছাত্রীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। এ সময় শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলামও উপস্থিত ছিলেন।

## ফার্স্ট লেডী

(১ম পৃঃ পর)

দেশে নারী কল্যাণে সরকার গৃহীত বিভিন্ন কর্মসূচীর উল্লেখ করেন।

এই শিক্ষা প্রতিষ্ঠান দেশের শিক্ষাংগণে সেরা প্রতিষ্ঠানগুলোর অন্যতম বিবেচিত হওয়ায় বেগম এরশাদ সন্তোষ প্রকাশ করেন।

**শেখ শহীদুল ইসলাম**

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলেন, সরকার শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়নে বিশ্বাসী।

পরে ফার্স্ট লেডী ছাত্রীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।